সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ (সিউক)

২৯/এ (ফরচুন গার্ডেন), বঙ্গবীর রোড, নাইওরপুল, সিলেট।

ই-মেইল: sylhetda2025@gmail.com, Web: www.sda.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০০২.১৩.০০১.২৬-৮০

তারিখঃ- ৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

বিষয় : বিশ্ব বসতি দিবস ২০২৬ উদযাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।
সভাপতি : চেয়ারম্যান, সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ, সিলেট।
তারিখ ও সময় : ২১ সেপ্টেম্বর ২০২৬ খ্রি., সোমবার, সকাল: ১১.০০ ঘটিকা।
সভার স্থান : সিলেট উন্নয়ন কর্তৃপক্ষের সভাকক্ষ, ২৯/এ (ফরচুন গার্ডেন), নাইওরপুল, সিলেট।
উপস্থিতি : "পরিশিষ্ট-ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি সভায় উল্লেখ করেন যে, ১৯৮৫ সালের জাতিসংঘের সাধারণ অধিবেশনে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ১৯৮৬ সাল থেকে প্রতিবছর অক্টোবর মাসের প্রথম সোমবার বিশ্বব্যাপী 'বিশ্ব বসতি দিবস' পালিত হয়ে আসছে। প্রতি বছরের ন্যায় এবারও আগামী ০৫ অক্টোবর ২০২৬ খ্রি. তারিখ, সোমবার গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উদ্যোগে দেশব্যাপী 'বিশ্ব বসতি দিবস ২০২৬' উদযাপিত হবে। এ বছর 'বিশ্ব বসতি দিবস ২০২৬'-এর প্রতিপাদ্য বিষয় ইংরেজিতে "Adequate Housing for all", যার বাংলায় প্রতিপাদ্য "সর্বজনীন বাসস্থান টেকসই নগরায়ন"।

সভাপতি আরও উল্লেখ করেন যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৫.০০.০০০০.০০০.১২২.৯৯.০০১৭.২৬-৬৪৭ নম্বর স্মারক, তারিখ ৩১ আগস্ট ২০২৬ খ্রি. মূলে প্রাপ্ত বিভাগ ও জেলা পর্যায়ে 'বিশ্ব বসতি দিবস ২০২৬' উদযাপন সংক্রান্ত উপ-কমিটির সভার কার্যবিবরণী অনুযায়ী বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, গণপূর্ত অধিদপ্তর, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ও নগর উন্নয়ন অধিদপ্তরের সাথে সমন্বয় করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দায়িত্ব সিলেট উন্নয়ন কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে তরুণ সমাজ, শিক্ষার্থী, পেশাজীবী সংগঠন ও সংশ্লিষ্ট অংশীজনের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে বর্ণাঢ্যভাবে দিবসটি উদযাপনের আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী নির্বাহী পরিচালক, সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ সভার কার্যপত্র উপস্থাপন করেন। পরবর্তীতে সভায় উপস্থিত সকলের অংশগ্রহণে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয়:

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১।	উদযাপনের ব্যাপ্তি, তারিখ ও ভেন্যু নির্ধারণ	(ক) ০৫ অক্টোবর ২০২৬ খ্রি. তারিখে বিশ্ব বসতি দিবস-২০২৬ উদযাপনসহ ০২ (দুই) দিনব্যাপী অনুষ্ঠানমালা আয়োজন করতে হবে। (খ) অনুষ্ঠানের ভেন্যু হিসেবে সিলেট স্টেডিয়াম সংশ্লিষ্ট জিমনেসিয়ামকে নির্ধারণ করা হলো। ভেন্যু বরাদ্দের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর যথাসময়ে পত্র প্রেরণ করতে হবে। (গ) **১ম দিন:** র‍্যালি, উদ্বোধনী ও আলোচনা সভা এবং প্রদর্শনী/স্টল; **২য় দিন:** প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান।	নির্বাহী পরিচালক, সিউক।
০২।	অংশীজনের অংশগ্রহণ, আমন্ত্রণ ও তথ্য সংগ্রহ	(ক) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট, জেলা প্রশাসক,সিলেট, সিলেট গণপূর্ত বিভাগ, নগর উন্নয়ন অধিদপ্তর,সিলেট ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিলেট বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		(খ) স্থানীয় রিহ্যাব প্রতিনিধি/ডেভেলপার কোম্পানির প্রতিনিধি, প্রকৌশলী ও স্থপতি ইনস্টিটিউটের প্রতিনিধি, আবাসন প্রতিষ্ঠান, আবাসন সংক্রান্ত বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠান, সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠন, গণমাধ্যমকর্মী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। (গ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অনুষ্ঠানে সম্পৃক্ত করতে হবে। (ঘ) আবাসন প্রতিষ্ঠান/হাউজিং সোসাইটিসমূহ হতে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্য ও মতামত সংগ্রহ করতে হবে। (ঙ) পূর্ণাঙ্গ আমন্ত্রিত অতিথির তালিকা প্রণয়নপূর্বক যথাসময়ে আমন্ত্রণপত্র প্রেরণ করতে হবে।	
০৩।	প্রদর্শনী ও স্টল বরাদ্দ	(ক) সকল আয়োজনে সিলেট জেলার গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর-অধিদপ্তর, জেলা পর্যায়ের হাউজিং এর সাথে সম্পর্কিত বিভিন্ন সরকারি দপ্তর, স্থাপত্য ও পুরকৌশল বিভাগ, শাবিপ্রবি, লিডিং ইউনিভার্সিটি, সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ, ইন্সটিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (IEB), ইন্সটিটিউট অব আর্কিটেক্টস বাংলাদেশ (IAB), ইন্সটিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ (IDEB), বিভিন্ন কারিগরি উপদেষ্টা প্রতিষ্ঠান, ডেভেলপারস এসোসিয়েশনসহ সকলকে সম্পৃক্ত করতে হবে। (খ) ফাইন্যান্স ফার্ম/আর্থিক প্রতিষ্ঠান, হাউজিং লোন সংশ্লিষ্ট ব্যাংক, কারিগরি প্রতিষ্ঠান এবং রিয়েল এস্টেট ডেভেলপার প্রতিষ্ঠানসমূহের স্টল স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) বিদ্যুৎ, গ্যাস, পানিসহ ইউটিলিটি সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। (ঘ) স্টলের সংখ্যা, বিন্যাস, নকশা ও বরাদ্দপত্র প্রস্তুত করতে হবে।	সংশ্লিষ্ট উপ-কমিটি
০৪।	শিক্ষার্থীদের সম্পৃক্তকরণ: আইডিয়া কম্পিটিশন ও পোস্টার প্রেজেন্টেশন।	(ক) শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, লিডিং ইউনিভার্সিটি, সিলেট এবং সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ এর পুরকৌশল ও স্থাপত্য বিভাগের ৩য় হতে ৫ম বর্ষের শিক্ষার্থীদের মধ্যে ‘আইডিয়া কম্পিটিশন’ আয়োজন করতে হবে এবং এ সংশ্লিষ্ট অনুরোধপত্র প্রেরণ করতে হবে। (খ) শিক্ষার্থীদের মধ্য থেকে তাদের পূর্ববর্তী মডেল সমূহ প্রদর্শনীতে উপস্থাপনের আহবান করতে হবে। (গ) স্পট কম্পিটিশনের ব্যবস্থা রাখতে হবে। (ঘ) প্রতিযোগিতার বিষয়বস্তু, নীতিমালা, বিচারক প্যানেল, নিবন্ধন পদ্ধতি ও পুরস্কার নির্ধারণে উপকমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে।	সংশ্লিষ্ট উপ-কমিটি

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৫।	স্কুল-কলেজ শিক্ষার্থীদের উপস্থিতি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং চিত্রকর্ম প্রদর্শনী	(ক) অনুষ্ঠানের ২য় দিনে স্কুল ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করতে হবে। (খ) নগরীর শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পত্র প্রেরণপূর্বক শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। (গ) অনুষ্ঠান প্রাঙ্গনে সিলেটের স্বনামধন্য চিত্র শিল্পীদের চিত্র কর্ম প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ। (গ) বিজয়ীদের জন্য পুরস্কার ও সনদপত্রের ব্যবস্থা রাখতে হবে।	সংশ্লিষ্ট উপ-কমিটি
০৬।	দিবসের প্রচার ও প্রচারণা।	(ক) স্থানীয় টেলিভিশন, বেতার (রেডিও) ও সংবাদপত্রে দিবসের গুরুত্ব ও প্রতিপাদ্য বিষয়ে প্রচারণা চালাতে হবে। (খ) নগরীর গুরুত্বপূর্ণ স্থানে ব্যানার, ফেস্টুন, বিলবোর্ড ও পোস্টার স্থাপন এবং মাইকিংয়ের ব্যবস্থা করতে হবে। (গ) অনুষ্ঠানস্থলে প্রতিপাদ্য সংবলিত লিফলেট বিতরণ করতে হবে। (ঘ) র‍্যালিতে মেট্রোপলিটন ব্যান্ড পার্টির অংশগ্রহণের ব্যবস্থা করতে হবে। (ঙ) অংশগ্রহণকারীদের জন্য প্রতিপাদ্য ও সিউক লোগো সংবলিত টি-শার্ট ও ক্যাপ প্রস্তুত করতে হবে। (চ) সিউকের ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ধারাবাহিক প্রচার চালাতে হবে।	সংশ্লিষ্ট উপ-কমিটি
০৭।	বিল্ডিং কোড ও সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান সম্পর্কে সচেতনতামূলক কার্যক্রম।	ক) বিশ্ব বসতি দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালায় বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড, ইমারত নির্মাণ বিধিমালাসহ সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান মান্য করার গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে সচেতনতামূলক সভা ও প্রদর্শনীর আয়োজন করতে হবে এবং এক্ষেত্রে সকল অংশীজনকে অন্তর্ভুক্ত করতে হবে। খ) সিউকের নিজস্ব স্টলে কর্তৃপক্ষের সেবাসমূহ (নকশা অনুমোদন, ভূমি ব্যবহার ছাড়পত্র, এনলিস্টমেন্ট ইত্যাদি) সম্পর্কে নাগরিকদের অবহিত করতে হবে এবং প্রচারপত্র সরবরাহ করতে হবে। (গ) স্টলে আগত দর্শনার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে নাগরিক সমস্যা, পরামর্শ ও মতামত (Problem Note) গ্রহণ করতে হবে এবং তা সংকলন করে কর্তৃপক্ষের পরবর্তী কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।	সংশ্লিষ্ট সকল
০৮।	উপ-কমিটি গঠন	‘বিশ্ব বসতি দিবস ২০২৬’ উদযাপনে নিম্নোক্ত উপ-কমিটি গঠন করা হলো; **ব্যবস্থাপনা উপ-কমিটি** (ভেন্যু, র‍্যালি, আলোচনা সভা, স্টল ব্যবস্থাপনা, সাজসজ্জা, স্পন্সর ব্যবস্থাপনা); • নির্বাহী পরিচালক, সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ (সিউক) • নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সিলেট। • নেজারত ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসনের কার্যালয়,	নির্বাহী পরিচালক, সিউক

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		সিলেট ● টেকনিক্যাল অফিসার (আইটি), সিউক **<u>প্রতিযোগিতা আয়োজন উপ-কমিটি</u>;** ● স্থপতি রাজন দাস, সাধারণ সম্পাদক, IAB, সিলেট সেন্টার ● স্থপতি সুব্রত দাস, সহযোগী অধ্যাপক, শাবিপ্রবি ● জেলা কালচারাল অফিসার, সিলেট। ● জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, জেলা শিশু একাডেমি,সিলেট। ● স্থপতি চন্দন দেওয়ান, সহকারী স্থপতি, সিউক **<u>প্রচারণা উপ-কমিটি;</u>** ● রিপন দেব, উপ-সহকারী প্রকৌশলী, সিউক ● মোঃ আব্দুর রহমান, ইমারত পরিদর্শক, সিউক ● আলমগীর হোসেন, টেকনিক্যাল অফিসার (আইটি), সিউক ● মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, সিউক **আপ্যায়ন উপ-কমিটি;** ● অমিতাভ দত্ত, হিসাবরক্ষণ কর্মকর্তা, সিউক ● মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, সিউক ● মিহির কান্তি দে, হিসাব সহকারী, সিউক ● মোহাম্মদ শান্ত ইসলাম পংকি, কম্পিউটার অপারেটর, সিউক	
০৯।	ডকুমেন্টেশন ও সচিত্র প্রতিবেদন প্রেরণ।	(ক) সম্পূর্ণ অনুষ্ঠানের স্থিরচিত্র ও ভিডিও ধারণসহ যথাযথ ডকুমেন্টেশন সংরক্ষণ করতে হবে। (খ) 'বিশ্ব বসতি দিবস ২০২৬' উদযাপনের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আয়োজনের সচিত্র প্রতিবেদন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রেজাউল হাসান কয়েস লোদী)
চেয়ারম্যান
সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ, সিলেট

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০০২.১৩.০০১.২৬.৮০(২২)

তারিখঃ- ৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

৩) অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-২) ও আহ্বায়ক, বিভাগ ও জেলা পর্যায়ে 'বিশ্ব বসতি দিবস ২০২৬' উদযাপন সংক্রান্ত উপ-কমিটি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।

৪) পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট। (সকল অনুষ্ঠানে নিরাপত্তা নিশ্চিতকরণের অনুরোধসহ)

৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সিলেট গণপূর্ত জোন।

৬) জেলা প্রশাসক, সিলেট।

৭) সদস্য (প্রকৌশল), সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ

৮) বিভাগীয় প্রধান, স্থাপত্য বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।

৯) বিভাগীয় প্রধান, পুরকৌশল বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।

১০) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট। (ক্রমিক নং ৫ এর চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিষয়ে সার্বিক সহযোগিতার অনুরোধসহ)

১১) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট।

১২) নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিলেট।

১৩) জেলা কালচারাল অফিসার, সিলেট।

১৪) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, জেলা শিশু একাডেমি,সিলেট।

১৫) সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট।

১৬) অধ্যক্ষ, সিলেট প্রকৌশল কলেজ/সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট।

১৭) বিভাগীয় প্রধান, স্থাপত্য বিভাগ, লিডিং ইউনিভার্সিটি, সিলেট।

১৮) বিভাগীয় প্রধান, পুরকৌশল বিভাগ, লিডিং ইউনিভার্সিটি, সিলেট।

১৯) সভাপতি/সাধারণ সম্পাদক, আইইবি / আইএবি/ আইডিইবি, সিলেট কেন্দ্র সিলেট।

২০) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেস ক্লাব/সিলেট জেলা প্রেস ক্লাব /সিলেট অনলাইন প্রেসক্লাব/ ইলেকট্রনিক মিডিয়া জার্নালিস্ট এসোসিয়েশন (ইমজা)।

২১) সভাপতি/সাধারণ সম্পাদক, SAREG/AEACF, সিলেট।

২২) জনাব .....।

২৩) অফিস কপি।

(মো: সাদিউর রহিম জাদিদ)
নির্বাহী পরিচালক
(সিনিয়র সহকারী সচিব)
সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ, সিলেট